# মহেশপুর পৌরসভা কার্যালয়

## মহেশপুর, ঝিনাইদহ।

স্থাপিত-১৮৬৯ খ্রিঃ

### শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণী।

| সভার সভাপতি | সভার স্থান | সভার তারিখ | সভার সময় |
|---|---|---|---|
| জনাব ইয়াসমিন মনিরা<br>প্রশাসক, মহেশপুর পৌরসভা, ঝিনাইদহ। | সম্মেলন কক্ষ, মহেশপুর পৌরসভা<br>মহেশপুর,ঝিনাইদহ। | ৩০ /০৬/২০২৫ খ্রিঃ | বেলা ১১.৩০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা, সংযোজনী-"ক" দ্রষ্টব্য

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।
২। অত্র পৌরসভার WC , বিভিন্ন প্রকার স্থায়ী কমিটি এবং উঠান বৈঠকের এপ্রিল/২০২৫ - জুন/২০২৫ এর ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
৩। পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।
৪। ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।
৫। ২০২৫- ২০২৬ অর্থ বছরের বাজেটে GESIAP & PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য ১% অর্থ রাজস্ব খাতে বরাদ্দ রাখা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।
৬। GRC কমিটি অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।
৭। বিবিধ।

অদ্য ৩০/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকার সময় মহেশপুর পৌরসভার সম্মেলন কক্ষে **"শহর সমন্বয় কমিটির (TLCC)"** সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহেশপুর পৌরসভার মাননীয় প্রশাসক জনাব খাদিজা আক্তার । সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্য ও সুধীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।

মহেশপুর পৌরসভার মাননীয় প্রশাসক জনাব খাদিজা আক্তার গত সভার কার্যবিবরণী সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করলে উপস্থিত সদস্যগণ উক্ত কার্যবিবরণীতে কোনো পরিবর্তন-পরিমার্জন নেই মর্মে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন-পরিমার্জন না থাকায় কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। অত্র পৌরসভার WC , বিভিন্ন প্রকার স্থায়ী কমিটি এবং উঠান বৈঠকের এপ্রিল/২০২৫ - জুন/২০২৫ এর ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা। উল্লেখিত কার্যবিবরণী অত্র সভায় পাঠ করে শুনান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ইহা বাস্তবায়নের নিমিত্তে আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ অত্র পৌরসভার WC , বিভিন্ন প্রকার স্থায়ী কমিটি এবং উঠান বৈঠকের এপ্রিল/২০২৫ - জুন/২০২৫ এর ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী বাস্তবায়নের নিমিত্তে আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হল।

৩। পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা। পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প যেমন- **IUGIP, COVID-19** এবং **ADB** এর কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থিত সদস্যগনের সম্মূখ্যে উপস্থাপন করেন। উক্ত প্রকল্পসমুহের কাজ দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের নিমিত্তে আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য উপস্থিত সকলে একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হল।

৪। ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা। সভাকে জানান যে, ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত মোট বাজেট- ৫৫,০৯,৫১,২২৪/= টাকা। উক্ত বাজেটের মধ্যে মোট সম্ভাব্য রাজস্ব আয়- ৪,৫১,৭৭,৩৮৭/= টাকা এবং মোট সম্ভাব্য রাজস্ব ব্যয়- ৪,৪৮,৯৬,১৯৮/= টাকা ও রাজস্ব উদ্বৃত্ত- ২,৮১,১৮৯/= টাকা এবং মোট সম্ভাব্য উন্নয়ন আয়- ৫০,২২,০০,৪০২/= টাকা এবং মোট সম্ভাব্য উন্নয়ন ব্যয়- ৫০,২০,৮০,০০০/= টাকা ও উন্নয়ন উদ্বৃত্ত- ১,২০,৪০২/= টাকা অনুমোদনের জন্য অত্র সভায় উপস্থাপন করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সময় উপযোগী হওয়ায় বাস্তবায়নের নিমিত্তে অনুরোধ জানিয়ে অত্র সভায় অনুমোদন করেন এবং ইহা আগামী বাজেট সভায় অনুমোদনের জন্য প্রেরণের সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে GESIAP & PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য ১% অর্থ রাজস্ব খাতে বরাদ্দ রাখা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা। সভাকে অবহিত করেন যে, ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে GESIAP & PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য ১% অর্থ রাজস্ব খাতে বরাদ্দ রাখা হয়েছে যাহা অত্র TLCC এর সভায় অনুমোদন দেওয়া প্রয়োজন। এ সম্পর্কে আলোচনার জন্য সভার মতামত আহবান করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ২০২৫- ২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে GESIAP & PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য ১% অর্থ দ্বারা শিক্ষিত বেকার যুবক,যুবতী, স্বামী পরিত্যক্তা ও অসহায়দের মাঝে বিভিন্ন ধরণের প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির করে বেকারত্ব ঘুচানোর জন্য অনুরোধ করেন এবং আগামী বাজেট সভায় অনুমোদনের জন্য প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। GRC কমিটি অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা। সভাকে অবহিত করেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর নির্দেশনা মোতাবেক ১০ সদস্য বিশিষ্ট তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) কমিটি গঠন করা হয়েছে যাহা অত্র TLCC এর সভায় অনুমোদন দেওয়া প্রয়োজন। এ সম্পর্কে আলোচনার জন্য সভার মতামত আহবান করেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর নির্দেশনা মোতাবেক ১০ সদস্য বিশিষ্ট তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (GRC) কমিটি সম্পর্কে বিস্তারিত আলাপ-আলোচনা করেন। সার্বিক আলোচনাক্রমে বর্ণিত কমিটি বিধি মোতাবেক গঠিত হওয়ায় অত্র সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো।

৭। বিবিধঃ ক) মোঃ আনিসুর রহমান (রিপন),পেশাজীবি সংগঠনের প্রতিনিধির মতামত।

অত্র TLCC কমিটির সদস্য, মোঃ আনিসুর রহমান (রিপন),পেশাজীবি সংগঠনের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জলিলপুর পশু হাটটি দীর্ঘ দিন যাবৎ বন্ধ থাকায় পৌরসভা রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে বিধায় উক্ত পশু হাটের নাম পরিবর্তন করে ০৮ নং ওয়ার্ডে গোপালপুর বালি বাজার সাপ্তাহিক হাটের পার্শ্ববর্তী এলাকা বা ঐ ওয়ার্ডে ৫ বিঘা সরকারি খাস জমি আছে উক্ত জমিটি সরকারের নিকট হতে লিজ/বরাদ্দ নিয়ে পশু বসানোর জন্য পরামর্শ দেন। এছাড়া বিনোদনের জন্য পৌর এলাকার মধ্যে একটি শিশুপার্ক নির্মাণের জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সকলে উল্লেখিত বিষয়ে একমত পোষন করেন এবং ইহা অনুমোদনের জন্য আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ খ) মোঃ সাইফুল ইসলাম,নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধির মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, মোঃ সাইফুল ইসলাম,নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বর্তমান বর্ষা মৌসুমে অতিবৃষ্টির কারণে বিভিন্ন ওয়ার্ডে পানি জমে আছে ইহা দ্রুত সময়ের মধ্যে নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। এছাড়া মহেশপুর উপজেলা পরিষদের সামনে হতে পাতিবিলা হঠাৎপাড়া অভিমুখে রাস্তাটি মেরামতের জন্য অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উল্লেখিত বিষয়ে একমত পোষন করেন এবং ইহা অনুমোদনের জন্য আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ গ) মাসুদা শাহরীন, প্রধান শিক্ষক, পাতিবিলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়,নাগরিক সমাজের প্রতিনিধির মতামত।

অত্র TLCC কমিটির সদস্য, মাসুদা শাহরীন, প্রধান শিক্ষক, পাতিবিলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়,নাগরিক সমাজের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, উক্ত বিদ্যালয়ের সমানে সড়কের মাঝখানে একটি বড় গর্ত থাকায় প্রায় সময় সড়ক দূর্ঘটনা ঘটে থাকে, বিধায় গর্তটি ব্যাটস দিয়ে ভরাট করতে হবে নতুবা বড় ধরণের সড়ক দূর্ঘটনার সম্ভবনা আছে। এছাড়া গাড়ীর গতি কমানোর জন্য রাস্তায় একটি বীট দেওয়ার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সকলে বর্ণিত কাজ দুইটি দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য অনুরোধ জানিয়ে অত্র সভায় অনুমোদন করেন এবং আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ ঘ) ফাহিমা বানু, প্রধান শিক্ষক, উপজেলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়,নাগরিক সমাজের প্রতিনিধির মতামত।

অত্র TLCC কমিটির সদস্য, ফাহিমা বানু, প্রধান শিক্ষক,উপজেলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়,নাগরিক সমাজের প্রতিনিধি সভাকে জানান যে, অত্র পৌরসভা এলাকার মধ্যে ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে। প্রতিটি বিদ্যালয়ের খেলার মাঠে বর্ষা মৌসুমে পানি জমে থাকার ফলে ছাত্র-ছাত্রীগন খেলাধুলা করতে পারে না এবং বিদ্যালয়ে প্রবেশ করতেও সমস্যা হয়ে থাকে বিধায় পৌরসভার মাধ্যমে একটি প্রকল্প গ্রহণ করে প্রতিটি বিদ্যালয়ের খেলার মাঠে মাটি ভরাট করতে হবে। এছাড়া নিয়মিত ভাবে জঙ্গল পরিষ্কার ও ড্রেন পরিষ্কার করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উল্লেখিত বিষয়ে একমত পোষন করেন এবং ইহা অনুমোদনের জন্য আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ ঙ) সাদিয়া সুলতানা, প্রধান শিক্ষক, বৈঁচিতলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়, নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধির মতামত।

অত্র TLCC কমিটির সদস্য,সাদিয়া সুলতানা, প্রধান শিক্ষক,বৈঁচিতলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়,নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি সভাকে জানান যে, বৈঁচিতলা পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে রাস্তাটি মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। এ বিষয়টি অনুমোদনের জন্য আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ চ) মোঃ আলী কদর, প্রধান শিক্ষক, গোপালপুর পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়, নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধির মতামত।

অত্র TLCC কমিটির সদস্য,মোঃ আলী কদর, প্রধান শিক্ষক, গোপালপুর পৌর সরকারি প্রাথমিক বিদ্যালয়, নগর দারিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, বিদ্যালয়ের মাঠে জমে থাকা বৃষ্টির পানি অপসারণের জন্য একটি ড্রেন নির্মাণের জন্য অনুরোধ করেন। এ বিষয়টি অনুমোদনের জন্য আগামী পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের নিমিত্তে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ ছ) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, অফিসার ইনচার্জ, মহেশপুর থানা ও সদস্য মহেশপুর পৌরপরিষদ এর মতামত।

অত্র TLCC কমিটির সদস্য, জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, অফিসার ইনচার্জ, মহেশপুর থানা ও সদস্য মহেশপুর পৌরপরিষদ সভাকে অবহিত করেন যে, কোথায় কোন প্রকার আইন-শৃঙ্খলার অবনতি হলে সাথে সাথে থানায় এসে অথবা মোবাইল ফোনের মাধ্যমে আমার সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি আমি তাৎক্ষণিক ভাবে উক্ত বিষয়ে অবশ্যই ব্যবস্থা গ্রহন করব। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অফিসার ইনচার্জ, মহেশপুর থানা এর বক্তব্যে সন্তুষ্টি প্রকাশ করেন এবং তাঁর সাথে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনাসহ প্রতিটি জনগুরুত্বপূর্ণ বিষয় অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হল।

মাননীয় প্রশাসক মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আশ্বস্থ করে বলেন যে,আমি প্রত্যেকের মতামত ও পরামর্শ অত্যন্ত আনন্দের সাথে গ্রহণ করছি। আপনারা আমার সাথে প্রতিটি কাজে সহযোগীতা করলে পৌর এলাকার মধ্যে প্রতিটি সমস্যা পর্যায়ক্রমে অতি সহজেই সমাধান করা সম্ভব হবে। প্রতিটি প্রকল্পের জনগুরুত্ব বুঝে আপনাদেরকে সাথে নিয়ে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। উল্লেখ্য যে আপনাদের প্রতিটি পরামর্শ সম্পর্কে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনাসহ বাস্তবায়ন করার নিমিত্তে আন্তরিক ভাবে চেষ্টা করা হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত TLCC কমিটির সকল সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৬/২০২৫

খাদিজা আক্তার
প্রশাসক
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।

স্মারক নং- এমপি-৯২/২০২৫/

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। প্রকল্প পরিচালক,নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প(IUGIP)এলজিইডি ভবন,লেভেল-১২,আগারগাঁও,শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,ঝিনাইদহ।
৫। জনাব/জনাবা------------------------- সদস্য, TLCC কমিটি,মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।
৬। অফিস কপি।

৩০/৬/২০২৫

মোঃ সোহেল রানা
নির্বাহী প্রকৌশলী
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।